

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 07-12-2025

Time: 1.30 P.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) লোকসভায় আগামীকাল বন্দেমাতরমের সার্থশততম বার্ষিকী নিয়ে একটি বিশেষ আলোচনা শুরু হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই বিতর্কের সূচনা করবেন
 - ২) উপ-রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং প্রতিরক্ষামন্ত্রী আজ সশস্ত্র বাহিনীর পতাকা দিবস উপলক্ষে এই তহবিলে সাহায্য করার জন্য নাগরিকদের অনুরোধ জানিয়েছেন।
 - ৩) গোয়ার আরপোরায়ে নাইট ক্লাবে ভয়াবহ অগ্নিকান্ডে নিহত ২৫ জনের, সবকটি দেহই উদ্ধার করা হয়েছে। আহত হয়েছেন ৬ জন।
 - ৪) ওয়াকফ সম্পত্তি ব্যবস্থাপনার জন্য UMEED কেন্দ্রীয় পোর্টালটি এ মাসের ৬ তারিখে আপলোডের জন্য সরকারিভাবে বন্ধ করে দেওয়া হয়েছে।
 - ৫) চীনের যুদ্ধ বিমানগুলি জাপানের ফাইটার জেটের রাডার তাক করে আছে বলে জাপানের প্রতিরক্ষামন্ত্রী অভিযোগ করেছেন।
 - ৬) কেপটাউনে তিন ম্যাচের হকি সিরিজে প্রথম গেমের ভারত আজ দক্ষিণ আফ্রিকার মুখোমুখি হবে।
-

লোকসভায় আগামীকাল বন্দেমাতরমের সার্থশততম বার্ষিকী নিয়ে একটি বিশেষ আলোচনা শুরু হবে। সরকারী সূত্রে খবর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিতর্কের সূচনা করবেন। সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু গত সপ্তাহে সংবাদ মাধ্যমে জানিয়েছেন বেলা ১২-টায় দিনভর এই আলোচনরা সূত্রপাত হবে।

বাইট

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লার পৌরোহিত্যে সর্বদল বৈঠকে এও স্থির হয়েছে, ৮-ই ডিসেম্বর বন্দেমাতরম নিয়ে আলোচনা হবে। নির্বাচনী সংস্কার নিয়ে আলোচনা হবে ৯-ই ডিসেম্বর।

আজ সশস্ত্র বাহিনীর পতাকা দিবস। ১৯৪৯ সালের ৭ই ডিসেম্বর থেকে এই দিনটিকে সৈনিকদের বীরত্বের প্রতি শ্রদ্ধা জানানোর জন্য পালন করা হয়ে থাকে।

সশস্ত্র বাহিনীর পতাকা দিবস উপলক্ষে, উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ আজ সশস্ত্র বাহিনী পতাকা দিবস তহবিলে তাঁর এক মাসের পুরো বেতন দান করেছেন। একটি সোশ্যাল মিডিয়া পোস্টে, উপ-রাষ্ট্রপতি সব নাগরিককে সশস্ত্র বাহিনী পতাকা দিবস তহবিলে স্বেচ্ছায় অনুদান দিয়ে সেনা, শহীদ জওয়ান এবং তাঁদের পরিবারের সঙ্গে সংহতি প্রকাশ করার আবেদন জানিয়েছেন।

সশস্ত্র বাহিনীর পতাকা দিবস উপলক্ষ্যে আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, তাঁরা বরাবর নির্ভীকচিত্তে দেশকে রক্ষা করে আসছেন। একটি সোশ্যাল মিডিয়া পোস্টে, শ্রী মোদী বলেছেন, তাঁদের শৃঙ্খলা, সংকল্প এবং অদম্য চেতনা জাতিকে শক্তিশালী করে। তিনি আরও বলেন, দেশরক্ষায় তাঁদের অবিচল প্রতিশ্রুতি কর্তব্য, শৃঙ্খলা এবং নিষ্ঠার

এক উদাহরণ। বাহিনীর পতাকা দিবস উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নাগরিকদের সশস্ত্র বাহিনী পতাকা দিবস তহবিলে অবদান রাখতে উৎসাহিত করেছেন।

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং সেনাদের শৌর্য ও আত্মত্যাগের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়েছেন। সামাজিক গণমাধ্যমে প্রতিরক্ষামন্ত্রী বলেছেন, তাঁদের নির্ভীক আত্মত্যাগ ও দেশসেবার ঋণ কখনওই পরিশোধ করা সম্ভব নয়। আজ ফ্ল্যাগ ডে উপলক্ষ্যে তিনি দেশবাসীকে সশস্ত্র বাহিনীর তহবিলের মুক্ত হস্তে দান করারও আহ্বান জানিয়েছেন।

সশস্ত্র বাহিনীর পতাকা দিবসে, চিফ অফ ডিফেন্স স্টাফ জেনারেল অনিল চৌহান আজ ভারতীয় সশস্ত্র বাহিনীর সকলকে শুভেচ্ছা জানিয়েছেন। শ্রী চৌহান ভারতের প্রতিরক্ষা ব্যবস্থা এবং জাতীয় নিরাপত্তায় তাঁদের অদম্য মনোভাব এবং স্থায়ী অবদানের স্বীকৃতি দিয়েছেন। তিনি দেশের সব সীমান্ত জুড়ে জাতির সার্বভৌমত্ব রক্ষায় স্থল, নৌ ও বায়ুসেনার অটল প্রতিশ্রুতি, বীরত্ব, নিষ্ঠা এবং ত্যাগের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন।

গোয়ায় আরপোরায় একটি নাইটক্লাবে ভয়াবহ অগ্নিকাণ্ডে অন্তত ২৫ জনের মৃত্যু হয়েছে। নিহতদের মধ্যে অধিকাংশই ক্লাবের কর্মী এবং চারজন পর্যটক। গতরাতে সিলিভার বিস্ফোরণ থেকে আগুনের সূত্রপাত বলে মনে করা হচ্ছে। দমকল ও পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে। এই ঘটনায় ছয়জন আহত হয়েছেন। মুখ্যমন্ত্রী প্রমোদ সাওয়ন্ত ঘটনাস্থল পরিদর্শন করে জানান, অধিকাংশের মৃত্যু হয়েছে শ্বাসরোধের কারণে। বাধ্যতামূলক অগ্নি নিরাপত্তা নিয়ম এই ক্লাবে মানা হয়নি বলেও তিনি জানান। তিনি দোষীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার সতর্কতা দিয়েছেন।

এদিকে গোয়া পুলিশের মহানির্দেশক অলোক কুমার জানিয়েছেন যে পুলিশ, দমকল ও অ্যাম্বুলেন্স দ্রুত ঘটনাস্থলে পৌঁছে উপযুক্ত ব্যবস্থা নেয়। আগুন এখন নিয়ন্ত্রণে, সবকিছু মৃতদেহ উদ্ধার করা হয়েছে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি উত্তর গোয়ার অগ্নিকাণ্ডের ঘটনায় গভীর শোক ব্যক্ত করেছেন এবং আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন।

সামাজিক মাধ্যমের একটি পোস্টে রাষ্ট্রপতি নিহতদের পরিবারগুলির প্রতি আন্তরিক সমবেদনা জানিয়েছেন। উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণ গোয়ার আরপোরায়ে শোকসন্তপ্ত পরিবারগুলির প্রতি সমবেদনা জানিয়েছেন। সোশ্যাল মিডিয়ায় একটি পোস্টে, উপ-রাষ্ট্রপতি বলেছেন, মর্মান্তিক অগ্নিকাণ্ডে প্রাণহানির ঘটনায় তিনি গভীরভাবে শোকাহত।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, এই ঘটনায় তিনি মর্মান্বিত। তিনি গতকালই গোয়ার মুখ্যমন্ত্রী ডঃ প্রমোদ সাওয়ান্তের সঙ্গে পরিস্থিতি নিয়ে কথাবার্তা বলেন। নিহতদের এককালীন ২ লক্ষ টাকা ও আহতদের ৫০ হাজার টাকা সহায়তাও ঘোষণা করেছেন প্রধানমন্ত্রী।

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এবং স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডাও গোয়ার আরপোরায়ে প্রাণহানির ঘটনায় শোক প্রকাশ করেছেন। স্থানীয় প্রশাসন উদ্ধার ও ত্রাণ কার্যক্রম পরিচালনা করছে এবং ক্ষতিগ্রস্তদের প্রয়োজনীয় চিকিৎসা প্রদান করছে বলে সোশ্যাল মিডিয়ায় একটি পোস্টে শ্রী শাহ আশ্বস্ত করেছেন।

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং একটি সোশ্যাল মিডিয়া পোস্টে বলেছেন, ভয়াবহ অগ্নিকাণ্ডে প্রাণহানির ঘটনায় তিনি গভীরভাবে শোকাহত।

স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা আশা বলেছেন, ঈশ্বর এই দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত সবাইকে সাহস এবং শক্তি জোগান। আহতদের দ্রুত আরোগ্যের জন্য অন্যান্য মন্ত্রীরাও প্রার্থনা করেছেন।

ওয়ার্কফ সম্পত্তি ব্যবস্থাপনার জন্য UMEED কেন্দ্রীয় পোর্টালটি এ মাসের ৬ তারিখে আপলোডের জন্য সরকারিভাবে বন্ধ করে দেওয়া হয়েছে। সংখ্যালঘু বিষয়ক মন্ত্রক জানিয়েছে যে UMEED আইন, ১৯৯৫ এবং সুপ্রিম কোর্টের স্পষ্ট নির্দেশ অনুসারে, পোর্টালটি তার ৬ মাসের সময়সীমা সম্পন্ন করেছে। মন্ত্রক উল্লেখ করেছে যে ২ লক্ষ ১৩ হাজারেরও বেশি সম্পত্তি নির্মাতারা জমা দিয়েছেন এবং যাচাইয়ের সময় ১০ হাজার ৮৬৯টি সম্পত্তি বাতিল করা হয়েছে। অনেক পর্যালোচনা সভা, প্রশিক্ষণ কর্মশালা এবং সচিব পর্যায়ে উচ্চ-স্তরের হস্তক্ষেপ প্রক্রিয়াটিতে নতুন গতি সঞ্চার করেছে, যার ফলে শেষ ঘন্টাগুলিতে আপলোডের পরিমাণ বেড়েছে।

এই বিশাল কর্মসূচীকে সফল করার জন্য, সংখ্যালঘু বিষয়ক মন্ত্রক রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল ওয়ার্কফ বোর্ড এবং সংখ্যালঘু বিভাগগুলির সাথে ধারাবাহিক কর্মশালা এবং প্রশিক্ষণ অধিবেশন পরিচালনা করেছে। এতে জানানো হয়েছে যে ওয়ার্কফ বোর্ড এবং রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের কর্মকর্তাদের আপলোডিং প্রক্রিয়ার জন্য হাতে-কলমে প্রশিক্ষণের জন্য দিল্লিতে দু দিনের একটি মাস্টার ট্রেনার কর্মশালাও অনুষ্ঠিত হয়েছে।

ভারতীয় মহাকাশচারী এবং ভারতীয় বায়ুসেনার গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লা আজ বলেছেন, কৃত্রিম বুদ্ধিমত্তা, দেশের অগ্রগতির প্রতিটি ক্ষেত্রে অবিচ্ছেদ্য অঙ্গ হয়ে উঠেছে। নতুনদিল্লিতে ভারতের প্রথম শহর কেন্দ্রিক এ আই ইনোভেশন ইঞ্জিন 'দিল্লি এ আই গ্রাইন্ড' শীর্ষক একটি অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে শ্রী শুক্লা উল্লেখ করেন, কৃত্রিম মেধা এখন সবক্ষেত্রেই ব্যবহার করা হচ্ছে। তিনি আরও বলেন, ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের স্বপ্ন সাকার করে তুলতে ভারত ২০৪৭ এর স্বপ্ন পূরণ করতে এ আই-কে আরও বিস্তৃত ক্ষেত্রে ব্যবহার করতে হবে।

(BYTE- শুভাংশু শুক্লা)

কলকাতায় আজ পাঁচ লক্ষ কণ্ঠে গীতা পাঠের অনুষ্ঠান শুরু হয়েছে। সনাতন সংস্কৃতি সংসদের উদ্যোগে ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে প্রদীপ প্রজ্জ্বলনের মধ্যে দিয়ে মূল অনুষ্ঠানের সূচনা হয়। গীতা পাঠের আগে বেদ পাঠ আয়োজন করা হয়। এরপর ধর্মীয় ভক্তিগীতি, শোভাযাত্রার পর মঞ্চে ভাগবদগীতা প্রতিষ্ঠা ও আরতি করা হয়। সাধু সন্তদের প্রবচনের পর গীতা পাঠ শুরু হয়। প্রথম, নবম ও শেষ তথা অষ্টাদশ অধ্যায় সমবেত কণ্ঠে পাঠ করা হবে আজকের অনুষ্ঠানে। এই উপলক্ষে তিনটি মঞ্চ গড়ে তোলা হয়েছে। মূল পার্থসারথি মঞ্চে দেড়শো জন সাধুসন্ত উপস্থিত রয়েছেন। চৈতন্য মহাপ্রভু মঞ্চ ও শঙ্করাচার্য মঞ্চে অন্যান্য সাধু সন্তরা রয়েছেন।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ বিজেপির রাজ্য নেতৃত্ব অনুষ্ঠানে উপস্থিত আছেন। সাংবাদিকদের প্রশ্নের কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেন, গীতা পাঠ সমগ্র হিন্দুদের একত্রিত করার অনুষ্ঠানে

পরিণত হয়েছে। তিনি জানান, পশ্চিমবঙ্গের বর্তমান পরিস্থিতিতে হিন্দুদের রক্ষায় গীতা পাঠ বিশেষ প্রয়োজন।

জাপানের প্রতিরক্ষা মন্ত্রী সিনজিরো কৈজুমি অভিযোগ করেছেন, চীনের বায়ু সেনার বিমানগুলি তাদের অগ্নি নিয়ন্ত্রক রেডারকে জাপানের যুদ্ধ বিমানগুলিকে লক্ষ্য করে তাক করার নির্দেশ দিয়েছে। জাপানী প্রতিরক্ষা মন্ত্রক বলেছে, ওকি নাওয়া দ্বীপের কাছে আন্তর্জাতিক জলসীমার ওপরে গত সন্ধ্যায় দু-বার জাপানি F-15 জঙ্গি বিমানকে টার্গেট করেছিল চীনের সামরিক বিমান। জাপান, চীনের কাছে এই ঘটনার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছে বলে শ্রী কৈজুমি উল্লেখ করেন।

জাপানের প্রধানমন্ত্রী সানে তাকাইচি এর আগে ঘোষণা করেন, তাদের নিরাপত্তার হুমকি ঘটলে তাইওয়ানের বিরুদ্ধে চীনা সামগ্রী তৎপরতা বিষয়ে টোকিও পদক্ষেপ করতে পারে। এই ঘটনার পরেই চীন এবং জাপানের মধ্যে সম্পর্কের অবনতি ঘটেছে।

দক্ষিণ আফ্রিকার প্রিটোরিয়া শহরে লাইসেন্সবিহীন একটি বারে গুলি চালানোর ঘটনায় কয়েকজন শিশুসহ এগারো জন নিহত হয়েছেন। আহত চোদ্দ। পুলিশ জানিয়েছে, ভোর সোয়া চারটে নাগাদ কমপক্ষে তিনজন বন্দুকধারী ওই বারে প্রবেশ করে এবং নির্বিচারে গুলি চালাতে শুরু করে। ঘটনাস্থলেই দশজন মারা যান। গুরুতর আহতদের হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসাধীন অবস্থায় আরও দুজনের মৃত্যু হয়। ঘটনার কারণ এখনও স্পষ্ট নয়। সন্দেহভাজনদের অনুসন্ধানে পুলিশ তদন্ত চালাচ্ছে।

নেপালে, পাঁচ লক্ষ টাকার বেশি লেনদেন করতে গেলে বাধ্যতামূলকভাবে ব্যাংকিং ব্যবস্থা ব্যবহার করতে হবে বলে সরকার নির্দেশ দিয়েছে। সে-দেশের সরকারের মুখপাত্র এবং নেপালের তথ্য ও যোগাযোগমন্ত্রী জগদীশ খারেল বলেছেন, নেপালকে আন্তর্জাতিক অর্থ পাচার বিরোধী মানদণ্ডের সঙ্গে সঙ্গতি রেখে দেশটিকে ফিন্যান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্সের “গ্রে লিস্ট”-এ অন্তর্ভুক্ত করা এড়াতে এই পদক্ষেপ নেওয়া হয়েছে। দেশে অর্থ পাচার রোধ এবং আর্থিক ক্ষেত্রে স্বচ্ছতা বাড়াতে বলে মনে করা হচ্ছে।

কেপটাউনের Stellenbosch স্টেলনবসে তিন ম্যাচের হকি সিরিজে প্রথম গেমের ভারত আজ দক্ষিণ আফ্রিকার মুখোমুখি হবে। খেলা শুরু হবে ভারতীয় সময় রাত সাড়ে আটটায়। পুরুষদের হকিতে বিশ্বের ক্রম তালিকায় ভারতের স্থান সপ্তম, দক্ষিণ আফ্রিকা দ্বাদশে।

গোয়ার ফতোরদা স্টেডিয়ামে সুপার কাপ ফুটবলের ফাইনালে আজ ইস্টবেঙ্গল-এফ সি গোয়ার মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। ২০২৪ সালের চ্যাম্পিয়ন ইস্টবেঙ্গল এই নিয়ে তৃতীয়বার সুপার কাপের ফাইনালে উঠেছে। অন্যদিকে, গতবারের চ্যাম্পিয়ন গোয়াও তৃতীয়বারের জন্য ফাইনাল খেলছে।
